# IELTS

course by

Munzereen Shahid

| | |
|---|---|
| Updated Tutorial Videos | Mock Test Solutions |
| Comprehensive Lecture | Standard Mock Questions |

**কোর্সে ভর্তি হতে SCAN করুন**

অথবা

এখানে ক্লিক করুন

# READING

**General Idea, Format, Question Types**

Sample Answers and Explanations, Strategies for 7+ score

## IELTS Reading (Academic): General Idea, Format, Question Types

**Introduction:**

IELTS (Academic) Test-এর Reading Section-এ ৩টা প্যাসেজ দেওয়া থাকে যার উপর ভিত্তি করে ৪০টা প্রশ্নের উত্তর করতে হয়।

এক নজরে...

| | |
|---|---|
| **Reading Format** | ৩টা রিডিং প্যাসেজ |
| **Timing** | ৬০ মিনিট |
| **Number of sections** | ৩ |
| **Number of questions** | ৪০ |
| **Type of Texts** | টেক্সটগুলো original হয় এবং বই, জার্নাল, ম্যাগাজিন এবং পত্রিকা থেকে নেওয়া হয়। টেক্সটগুলো non-specialist audience-এর জন্য উপযোগী হয় এবং টেক্সটের টপিক সাধারণত academic ধরনের হয়ে থাকে। |
| **Type of Questions** | MCQ, Gap Fill, Identifying Information (True/False/Not Given), Identifying Writer's Views (Yes/No/Not Given), Matching Information/headings/features/sentence endings, Sentence/Summary/Note/Table/Flow-chart/Diagram Label Completion, Short-answer questions. |
| **Write with** | Pencil |
| **Extra Time for Transferring Answers to Answer Sheet** | Test takers-দের এক্সামের সময়েই answer sheet-এ answers transfer করতে হবে। No extra time is allowed to transfer answers. Answer লেখার সময় সাবধানে লিখতে হবে কারণ spelling এবং grammar-এ ভুল হলে মার্ক কাটা যাবে। |
| **Negative Marking** | নেই। প্রতিটি সঠিক উত্তরের জন্য ১ মার্ক করে থাকে। |

## Task Types in Detail

### 1. Task Type: Multiple Choice

**Details:**

Multiple Choice test প্রশ্নে —

- ৪টা option-এর মধ্যে ১টা সঠিক উত্তর বেছে নিতে হবে (A, B, C or D)
- ৫টা option-এর মধ্যে ২টা সঠিক উত্তর বেছে নিতে হবে (A, B, C, D or E)
- ৭টা option-এর মধ্যে ৩টা সঠিক উত্তর বেছে নিতে হবে (A, B, C, D, E, F or G)
- Answer sheet-এ যে উত্তর বেছে নিয়েছেন সেই উত্তরের letter- টা লিখতে হবে
- Question-গুলোতে হয়তো একটা incomplete বাক্য শেষ করতে হবে, যেখানে প্রশ্নে বাক্যের প্রথম অংশ দেওয়া থাকে, উত্তরের মাধ্যমে বাকি অংশ শেষ করতে হয়; না হয়, প্রশ্ন complete থাকবে এবং test takers-দের সঠিক উত্তরটা বেছে নিতে হবে।
- প্রশ্ন সাধারণত টেক্সটের order অনুযায়ী আসে।

প্রশ্নগুলো টেক্সটে দেওয়া information-এর sequence-এ এসে থাকে। অর্থাৎ, প্রথম প্রশ্নের উত্তর টেক্সটের যে অংশে থাকবে, দ্বিতীয় প্রশ্নের উত্তর সে অংশের পরে থাকবে।

### 2. Task Type: Identifying Information (True/False/Not Given)

**Details:**

True/False/Not Given প্রশ্নে —

- Test takers-দের কিছু statements দেওয়া হবে এবং জিজ্ঞেস করা হবে — ‘Do the following statements agree with the information in the text?’ এর উপর ভিত্তি করে ‘true’, ‘false’ অথবা ‘not given’ লিখতে হবে answer sheet-এ।
- 'False' এবং 'not given'-এর মধ্যে পার্থক্য বুঝতে পারাটা জরুরি। 'False'-এর অর্থ হলো প্রশ্নে দেওয়া statement passage-এর তথ্যকে contradict করে। 'Not given' এর অর্থ হলো passage-এর তথ্য প্রশ্নে দেওয়া statement-কে confirm-ও করেনি, contradict-ও করেনি। অর্থাৎ, Passage থেকে প্রশ্নের statement-কে validate করার জন্য পর্যাপ্ত তথ্য পাওয়া যায়নি।
- প্রশ্ন টেক্সটের order অনুযায়ী আসে।

আমাদের মাথায় রাখতে হবে শুধুমাত্র passage-এ দেওয়া তথ্যের উপর ভিত্তি করেই উত্তর দিতে হবে। এর বাইরের কোনো knowledge-এর উপর ভিত্তি করে উত্তর করা যাবে না।

**3. Task type: Identifying writer’s views/claims (Yes/No/Not Given)**
**Details:**
Yes/No/Not Given প্রশ্নে —

- Test takers-দের কিছু statements দেওয়া হবে এবং জিজ্ঞেস করা হবে — ‘Do the following statements agree with the views/claims of the writer?’-এর উপর ভিত্তি করে ‘Yes’, ‘No’ অথবা ‘Not given’ লিখতে হবে answer sheet-এ।
- 'No' এবং 'not given'-এর মধ্যে পার্থক্য বুঝতে পারাটা জরুরি। 'No'-এর অর্থ হলো writer-এর view প্রশ্নে দেওয়া statement-এর সাথে disagree করে। অর্থাৎ writer প্যাসেজের কোথাও না কোথাও এমন কোনো কথা বলেছেন যা প্রশ্নের স্টেটমেন্টের বিপরীত। 'Not given'-এর অর্থ হলো প্রশ্নে দেওয়া statement passage-এ দেওয়া writer-এর তথ্য-কে confirm ও করেনি contradict ও করেনি। অর্থাৎ, প্রশ্নে দেওয়া তথ্য প্যাসেজে দেওয়া নেই।
- প্রশ্ন টেক্সটের order অনুযায়ী আসে।

আমাদের মাথায় রাখতে হবে শুধুমাত্র passage-এ দেওয়া তথ্যের উপর ভিত্তি করেই উত্তর দিতে হবে। এর বাইরের কোনো knowledge-এর উপর ভিত্তি করে উত্তর করা যাবে না।

**4. Task type: Matching information**
**Details:**
Matching information প্রশ্নে —

- Text-এর বিভিন্ন paragraphs/sections-এ নির্দিষ্ট তথ্য খুঁজে বের করতে হবে এবং answer sheet-এ correct paragraphs/sections-এর letter লিখতে হবে
- বিভিন্ন তথ্য খুঁজতে বলা হতে পারে; যেমন: নির্দিষ্ট details, কোনো reason, description, explanation ইত্যাদি
- প্রতিটা paragraph/section ব্যবহার নাও করা লাগতে পারে
- প্রতিটা paragraph/section-এ একাধিক তথ্যও খুঁজে বের করা লাগতে পারে — এটা হলে আমাদের প্রশ্নেই বলা থাকবে আমরা একটি letter একাধিকবার ব্যবহার করতে পারব
- প্রশ্ন সাধারণত টেক্সটের order অনুযায়ী আসে না
- এই প্রশ্নে আমাদের নির্দিষ্ট তথ্য খুঁজে বের করার জন্য text scan করে পড়তে হয় (line by line পড়তে হয়)।

**5. Task type: Matching headings**
**Details:**
Matching headings প্রশ্নে test takers দের —

- List of headings দেওয়া হয় সাধারণত lower-case Roman numerals আকারে (i, ii, iii, ইত্যাদি)
- একটি heading, paragraph-এর main idea বোঝায়
- Test taker-দের সঠিক heading-কে সঠিক paragraph-এর সাথে মিলাতে হবে। Paragraph-গুলো সাধারণত alphabetically marked হয় (A,B,C,D ইত্যাদি)।

- Test takers-দের যথাযত Roman numeral-গুলো তাদের answer sheets-এ লিখতে হয়
- Paragraph-এর সংখ্যার চেয়ে headings-এর সংখ্যা অনেক সময়ে বেশি থাকে, তাই কিছু headings ব্যবহার নাও হতে পারে
- এমনও হতে পারে যে কিছু paragraphs বা sections-ও ব্যবহার হবে না
- মাঝেমধ্যে ১/২টি paragraphs বা section হয়তো heading-এর সাথে match করা থাকবে উদাহরণ হিসেবে
- সাধারণত এই task type এমন texts-এর সাথে ব্যবহার করে যেগুলোর clearly defined themes থাকে
- প্রশ্ন টেক্সটের order অনুযায়ী আসে না।
- এই ধরনের প্রশ্নে আমাদের paragraphs এর main idea বা theme identify করতে হয়।

**6. Task type: Matching features**
**Details:**
Matching features প্রশ্নে —
- কিছু set of statements বা তথ্য কিছু options-এর সাথে মিলাতে হয়
- Options-গুলো text-এর থেকে নেওয়া features/statements হয় এবং letters দ্বারা প্রকাশিত হয়
- Test takers-দের বিভিন্ন research findings-কে researchers-এর লিস্টের সাথে মিলাতে হতে পারে, বা কিছু characteristics-কে বিভিন্ন age groups-এর সাথে, বা কিছু ঘটনাকে historical periods-এর সাথে, ইত্যাদি
- এমন হতে পারে যে কিছু options ব্যবহার হবে না এবং কিছু একাধিকবার ব্যবহার হতে পারে — দ্বিতীয় ক্ষেত্রে instructions-এ উল্লেখ করা থাকবে।
- প্রশ্ন সাধারণত টেক্সটের order অনুযায়ী আসে না।

Matching features প্রশ্নে যাচাই করা হয় আমরা টেক্সটের তথ্যের মধ্যে relationships and connections বুঝতে পারি কি না।

**7. Task type: Matching sentence endings**
**Details:**
Matching sentence endings প্রশ্নে —
- বাক্যের প্রথম অংশ দেওয়া থাকে এবং বাকি অংশ complete করতে বলা হয় কিছু options থেকে। বাক্যটা টেক্সটের উপর ভিত্তি করেই হয়
- প্রশ্নের সংখ্যার থেকে options-এর সংখ্যা বেশি হতে পারে
- Test takers-দের answer sheet-এ letter-গুলো লিখতে হবে
- প্রশ্নগুলোর sequence সাধারণত passage-এর information-এর sequence-এর মতো হয়; কিছু কিছু সময়ে তা নাও হতে পারে, তাই সাবধানে প্রশ্ন পড়বেন ও বুঝে নিবেন
- Matching sentence ending প্রশ্ন test takers-দের একটা বাক্যের main idea বোঝার দক্ষতা যাচাই করে।

**8. Task type: Sentence completion**
**Details:**
Sentence completion প্রশ্নে —

- Test takers-দের নির্দিষ্ট শব্দের মধ্যে কিছু বাক্য শেষ করতে বলা হয়
- উত্তর answer sheet-এ লিখতে হবে word limit অনুযায়ী
- Instructions-এ উল্লেখ করা থাকবে কত শব্দ বা সংখ্যা ব্যবহার করা যাবে, যেমন: 'NO MORE THAN THREE WORDS AND/OR A NUMBER from the passage', 'ONE WORD ONLY' or 'NO MORE THAN TWO WORDS', ইত্যাদি
- আমরা যদি word limit-এর বেশি লিখি, তাহলে মার্ক কাটা যাবে
- Numbers শব্দে বা figure-এ লেখা যাবে
- Contractions ব্যবহার করে লেখা যাবে না
- Hyphenated শব্দকে একটি শব্দ হিসেবে গোনা হয়
- প্রশ্নগুলোর sequence passage-এর information-এর sequence-এর মতো হবে; অর্থাৎ, প্রথম প্রশ্নের উত্তর টেক্সটে যে অংশে থাকবে, দ্বিতীয় প্রশ্নের উত্তর সে অংশের পরে থাকবে।
- Sentence Completion test takers-দের detail/specific information খুঁজে বের করার দক্ষতা যাচাই করে।

**9. Task type: Summary, note, table, flow-chart completion**
**Details:**
এই ধরনের প্রশ্নে —

- প্যাসেজের একটা paragraph এর summary দেওয়া হয় এবং সেটা টেক্সট থেকে তথ্য নিয়ে পূরণ করতে হয়
- সাধারণত summary-টি প্যাসেজের একটি অংশ থেকে হয়, পুরোটা থেকে না
- যে তথ্য আমাদের দেওয়া হবে সেটি কয়েকটি বাক্য আকারে আসতে পারে (summary), নোট আকারে আসতে পারে (notes), table আকারে আসতে পারে যেখানে কিছু জায়গা ফাঁকা থাকবে পূরণ করার জন্য (table), অনেকগুলো ধাপ আকারে আসতে পারে যেগুলো কিছু events-এর sequence বোঝাবে, যেখানে কিছু boxes বা steps ফাঁকা থাকবে (flow-chart)
- উত্তরগুলোর sequence passage-এর information-এর sequence-এর মতো নাও হতে পারে; তবে প্রশ্ন টেক্সটের নির্দিষ্ট কিছু অংশ থেকে আসে, পুরো টেক্সট থেকে সাধারণত আসে না।

এই ধরনের টাস্ক দুইভাবে আসতে পারে —

– Test takers-দের একটা লিস্ট থেকে শব্দ বেছে নিতে বলা হতে পারে।
– Test takers-দের বলা হতে পারে সরাসরি টেক্সট থেকে শব্দ বেছে নিতে, কোনো লিস্ট দেওয়া থাকবে না।

- যদি বলা হয় টেক্সট থেকে শব্দ নিতে হবে, তাহলে word limit প্রশ্নে বলা থাকবে, যেমন: ‘NO MORE THAN THREE WORDS AND/OR A NUMBER from the passage’, ‘ONE WORD ONLY’ or ‘NO MORE THAN TWO WORDS’, ইত্যাদি। Word limit-এর বেশি শব্দ লিখলে মার্ক কাটা যাবে
- Numbers শব্দে বা figure-এ লেখা যাবে
- Contractions ব্যবহার করে লেখা যাবে না
- Hyphenated শব্দকে একটি শব্দ হিসেবে গণনা করা হয়
- List of answers দেওয়া থাকলে উত্তর সাধারণত একটি শব্দ হয়ে থাকে
- Summarising test takers-দের detail/specific information/main ideas খুঁজে বের করার দক্ষতা যাচাই করে। সবক্ষেত্রেই সাবধান থাকা উচিৎ কী ধরনের শব্দ Blank space-এ বসতে পারে (noun বসবে নাকি verb, ইত্যাদি)।

**10. Task type: Diagram label completion**
**Details:**

Diagram label completion প্রশ্নে —

- প্যাসেজে টেক্সট ও ছবির মাধ্যমে কিছু processes-এর বর্ণনা দেওয়া থাকবে। ছবিতে কিছু label complete করতে হবে
- Instructions-এ উল্লেখ করা থাকবে কত শব্দ বা সংখ্যা ব্যবহার করা যাবে, যেমন: ‘NO MORE THAN THREE WORDS AND/OR A NUMBER from the passage’, ‘ONE WORD ONLY’ or ‘NO MORE THAN TWO WORDS’ ইত্যাদি। Word limit-এর বেশি শব্দ লিখলে মার্ক কাটা যাবে
- Numbers শব্দে বা figure-এ লেখা যাবে
- Contractions ব্যবহার করে লেখা যাবে না
- Hyphenated শব্দকে একটি শব্দ হিসেবে গণনা করা হয়
- উত্তরগুলোর sequence passage-এর information-এর sequence-এর মতো নাও হতে পারে; তবে প্রশ্ন টেক্সটের নির্দিষ্ট কিছু অংশ থেকে আসে, পুরো টেক্সট থেকে সাধারণত আসে না
- Diagram-টি কোনো ধরনের machine, building-এর অংশ বা এমন কিছু হতে পারে যা ছবি আকারে দেখানো সম্ভব
- এই ধরনের টাস্ক যাচাই করে test taker-রা detailed description বুঝতে পারে কি না এবং সেই তথ্যকে একটি diagram-এর তথ্যের সাথে relate করতে পারে কি না।

**11. Task type – Short-answer questions**
**Details:**
Short-answer প্রশ্নে —

- সাধারণত টেক্সটের factual information-এর উপর base করে প্রশ্ন করা হয়
- Test takers-দের শব্দ বা সংখ্যা ব্যবহার করে answer sheet-এ উত্তর লিখতে হবে
- Test takers-দের text থেকে শব্দ ব্যবহার করে উত্তর করতে হবে
- Instructions-এ উল্লেখ করা থাকবে কত শব্দ বা সংখ্যা ব্যবহার করা যাবে, যেমন: 'NO MORE THAN THREE WORDS AND/OR A NUMBER from the passage', 'ONE WORD ONLY' or 'NO MORE THAN TWO WORDS' ইত্যাদি। Word limit-এর বেশি শব্দ লিখলে মার্ক কাটা যাবে
- Numbers শব্দে বা figure-এ লেখা যাবে
- Contractions ব্যবহার করে লেখা যাবে না
- Hyphenated শব্দকে একটি শব্দ হিসেবে গণনা করা হয়
- প্রশ্নগুলোর sequence passage-এর information-এর sequence-এর মতো হবে; অর্থাৎ, প্রথম প্রশ্নের উত্তর টেক্সটে যে অংশে থাকবে, দ্বিতীয় প্রশ্নের উত্তর সে অংশের পরে থাকবে
- Short answer questions test takers-দের detail/specific information খুঁজে বের করার দক্ষতা যাচাই করে।

**এক নজরে...**

IELTS Reading পরীক্ষায় কিছু প্রশ্ন প্যাসেজের information-এর sequence অনুযায়ী এসে থাকে। অর্থাৎ, প্রথম প্রশ্নের উত্তর টেক্সটে যে অংশে থাকবে, দ্বিতীয় প্রশ্নের উত্তর সে অংশের পরে থাকবে। তার বিস্তারিত নিচে দেওয়া হলো —

| Question type | Follows Sequence of Passage |
|---|---|
| Multiple choice | Yes |
| Identifying information (T/F/NG) | Yes |
| Identifying writer's views/claims (Y/N/NG) | Yes |
| Matching features | No |
| Matching information | No |
| Matching headings | No |
| Matching sentence endings | Yes |

| | |
|---|---|
| Sentence completion | Usually yes |
| Flow-chart completion | Not always but often based on specific parts of text |
| Summary, note, table | Not always but often based on specific parts of text |
| Diagram Completion | Not always |
| Short-answer questions | Yes |

**Band Score Conversion**

IELTS Reading (Academic)- এ পাওয়া স্কোরটি যেভাবে Band Score-এ convert করা হয়—

| Correct Answer | Score |
|---|---|
| 40-39 | 9 |
| 38-37 | 8.5 |
| 36-35 | 8 |
| 34-33 | 7.5 |
| 32-30 | 7 |
| 29-27 | 6.5 |
| 26-23 | 6 |
| 22-19 | 5.5 |
| 18-15 | 5 |
| 14-13 | 4.5 |
| 12-10 | 4 |
| 9-8 | 3.5 |
| 7-6 | 3 |
| 5-4 | 2.5 |

IELTS Reading (General Training)-এ পাওয়া স্কোরটি যেভাবে Band Score-এ convert করা হয়—

| Correct Answer | Score |
|---|---|
| 40 | 9 |
| 39 | 8.5 |
| 38-37 | 8 |
| 36 | 7.5 |
| 35-34 | 7 |
| 33-32 | 6.5 |
| 31-30 | 6 |
| 29-27 | 5.5 |
| 26-23 | 5 |
| 22-19 | 4.5 |
| 18-15 | 4 |
| 14-12 | 3.5 |
| 11-9 | 3 |
| 8-6 | 2.5 |